# কুরআনের অর্থ বুঝার সহজ অভিধান

বিভাগ/অধ্যায়ঃ فاء (ফা) [৭৪]

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

فاء (ফা) - ৩

فسد> [ن، ض] فَسَدَ দূষিত হওয়া, নষ্ট হওয়া, বিপর্যস্ত হওয়া, লণ্ডভণ্ড হওয়া, ভণ্ডুল হওয়া, তছনছ হওয়া, গোলমেলে হওয়া, ধ্বংস হওয়া, শান্তিহীন হওয়া ২:২৫১

أَفْسَدَ দূষিত করা, বিশৃঙ্খলা সৃষ্টি করা, অশান্ত করা, বিপর্যয় সৃষ্টি করা, গোলযোগ ছড়ানো, অরাজকতা করা, অশান্তি সৃষ্টি করা, ফাসাদ সৃষ্টি করা, স্বেচ্ছাচারিতা করা, প্রলয় সৃষ্টি করা ২৭:৩৪

فَسَادٌ مص ফাসাদ, বিবাদ, ঝগড়া, অনিষ্ট, অমঙ্গল, দূষণ, বিশৃঙ্খলা ৫:৩২

مُفْسِدٌ দূষিতকারী, বিশৃঙ্খল, বিশৃঙ্খলা সৃষ্টিকারী, বিপর্যয় সৃষ্টিকারী, হাঙ্গামাকারী ২:১২

فسر> تَفْسِيرٌ তাফসীর, ব্যাখ্যা, বর্ণনা, বিবরণ ২৫:৩৩

فسق> فُسُوقٌ، فِسْقٌ، [ن] فَسَقَ পাপ করা, অন্যায় করা, অপকর্ম করা, অসঙ্গত কিছু করা, অপরাধ করা, শরীয়তের সীমা ছাড়ানো, ফাসিক হওয়া, অবাধ্য হওয়া ১৮:৫০

فَاسِقٌ পাপী, ফাসিক, অপরাধী, অবাধ্য, শরীয়তের হুকুম লঙ্ঘনকারী ৪৯:৬

فشل> [س] فَشِلَ হীনবল হওয়া, বিচলিত হওয়া, ভীরু হওয়া, কাপুরুষ হওয়া, সাহস হারানো ৩:১২২

فصح> أَفْصَحُ অধিকতর বাগ্মী, স্পষ্টভাষী ২৮:৩৪

فصل> [ض] فَصَلَ যাত্রা করা, রওনা করা, প্রস্থান করা, বের হওয়া, পৃথক হওয়া, ছাড়া, ত্যাগ করা, মীমাংসা করা, ফয়সালা করা, ২:২৪৯

فَصَّلَ، تَفْصِيلاً পৃথক পৃথক করে বলা, খুলে খুলে বর্ণনা করা, ব্যাখ্যা করা, বিশদ বিবরণ দেওয়া, বিস্তারিত বর্ণনা করা

فَصْلٌ جل فُصُوْلٌ মীমাংসা, বিচার, ফয়সালা, মীমাংসাপূর্ণ ৮৬:১৩

يوم الْفَصْلِ মীমাংসাদিবস, বিচারদিন, রোজকিয়ামত, ফয়সালাদিবস ৩৭:২১

كَلِمَةُ الْفَصْلِ বিচারবাণী, বিচারের কথা, ফয়সালার প্রতিশ্রুতি ৪২:২১

قَوْلٌ فَصْلٌ বিশদ বিবরণ, ফয়সালাপূর্ণ বাণী, সুস্পষ্টবাণী, কুরআন ৮৬:১৩

فَصْلَ الْخِطَاب বাগ্মীতাপূর্ণ বিচার শক্তি, সুস্পষ্ট সম্বোধন ৩৮:২০

الْفَاصِلُ বিচারক, বিচারপতি, পার্থক্যকারী, মীমাংসাকারী ৬:৫৭

فِصَالٌ শিশুকে মাতৃস্তন থেকে পৃথক করা, মায়ের দুধ ছাড়ানো, স্তন্য ত্যাগের সময় ২:২৩৩

فَصِيلَةٌ جل فَصَائِلُ স্বজাতি, গোষ্ঠী, বংশ, গোত্র, সম্প্রদায় ৭০:১৩

مُفَصَّلٌ সুস্পষ্ট, বিস্তারিত, বিশদ বিবরণ, ব্যাখ্যাপূর্ণ ৬:১১৪

فصم> انفِصَامٌ খণ্ডন, ভাঙন, বিচূর্ণন, ভেঙে যাওয়া ২:২৫৬

فضح> [ف] فَضَحَ লাঞ্ছিত করা, অপমান করা, মানহানি করা, তুচ্ছ-তাচ্ছিল্য করা, অপদস্থ করা, হেয় করা, অপমানিত করা, অসম্মান করা, বেইজ্জত করা, বেহুরমতি করা ১৫:৬৮

فضض> اَنفَضَّ দূরে সরা, সরে পড়া, ছিটকে পড়া, বিচ্ছিন্ন হওয়া ৩:১৫৯

فِضَّةٌ جل فِضَضٌ রূপা, চাঁদি, রজত ৩:১৪

فضل> فَضَّلَ، تَفْضِيلاً শ্রেষ্ঠত্ব দেওয়া, ফজিলত দেওয়া, মর্যাদা দেওয়া, বিশেষত্ব দেওয়া, স্বতন্ত্রতা দেওয়া, অনন্যতাদান করা, বৈশিষ্ট দেওয়া ১৭:২১

تَفَضَّلَ শ্রেষ্ঠত্ব অর্জন করা, ফজিলত হাসিল করা, সম্মানার্জন করা, বিশেষত্ব লাভ করা ২৩:২৪

فَضْلٌ جل فُضُوْلٌ শ্রেষ্ঠত্ব, ফজিলত, মর্যাদা, অনন্যতা, বিশেষত্ব, বৈশিষ্ট, প্রাধান্য, বরকত, রহমত, হেদায়াত, মেহেরবাণী, অনুগ্রহ, দান, ক্ষমা ২:৬৪

فضي> أَفْضَى মেলামেশা করা, সান্নিধ্যে আসা, পৌঁছা ৪:২১

فطر> [ن] فَطَرَ সৃষ্টি করা, বিদীর্ণ করা, ফেড়ে বের করা, উদ্ভাবন করা, আবিষ্কার করা ৬:৭৯

انفطَرَ، تَفَطَّرَ বিদীর্ণ হওয়া, ভেঙে পড়া, ভূমিস্মাৎ হওয়া, ধূলিস্মাৎ হওয়া, বিধ্বস্ত হওয়া, খানখান হওয়া, টুকরা টুকরা হওয়া, চূর্ণবিচূর্ণ হওয়া ৪২:৫

فَاطِرٌ স্রষ্টা, সৃষ্টিকর্তা, উদ্ভাবক, আবিষ্কারক ৩৫:১

فِطْرَةٌ جل فِطَرٌ সৃষ্টিগত স্বভাব, সৃষ্টিগত যোগ্যতা, স্বভাব, প্রকৃতি ৩০:৩০

فُطُورٌ و فَطَرٌ ফাটল, বিদারণ, ত্রুটি, চিড়, সামঞ্জস্যহীনতা ৬৭:৩

مُنفَطِرٌ বিদীর্ণমান, ধ্বংসশীল, ধ্বংসোন্মুখ, ভঙ্গুর ৭৩:১৮

فظظ> فَظٌّ جل أَفْظَاظٌ কর্কশ, রূঢ়, অভদ্র, বদমেজাজি অশ্লীলভাষী ৩:১৫৯

فعل> فِعْلٌ، [ف] فَعَلَ করা, ঘটানো, কাজ করা, সম্পাদন করা, সক্রিয় হওয়া, করণেচ্ছু হওয়া ৭:১৫৫

فَعْلَةٌ করণীয়, কর্তব্য, ঘটাবার, করবার ২৬:১৯

فَاعِلٌ কর্তা, সংঘটক, ঘটক, সম্পাদনকারী, কারক, অনুষ্ঠাতা, নির্বাহক, ক্রিয়াশীল, করিষ্ণু, করণেচ্ছু, ব্রতী, নিরত ১৮:২৩

فَعَّالٌ অতিশয় ক্রিয়মাণ, সক্রিয়, করিষ্ণু ১১:১০৭

مَفْعُولٌ কৃত, ঘটিতব্য, সম্পাদিত, ঘটনীয়, সংঘটনীয় ৪:৪৭

فقد> [ض] فَقَدَ হারানো, হারিয়ে ফেলা, খোয়ানো, খুইয়ে বসা ১২:৭১

تَفَقَّدَ হারানো বস্তু তালাশ করা, সন্ধান করা, তালাশ করা, অনুসন্ধান করা, খোঁজ করা ২৭:২০

فقر> فُقُوْرٌ جل فَقْرٌ দরিদ্রতা, দারিদ্র, দৈন্য, দীনতা, নিঃস্বতা, গরিবানা, গরিবি ২:২৬৮

فُقَرَاءُ ج فَقِيرٌ দরিদ্র, গরিব, অভাবগ্রস্ত, অভাবী, নিঃস্ব, দীন, সম্বলহীন ৪:৬

Source — https://www.hadithbd.com/books/link/?id=10257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন